রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ২০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৬, ২০১৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৩৩—৩৪৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬০১—৬১১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৯—৮২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬০৫—৬৩০ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**অর্থ মন্ত্রণালয়**

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**(বীমা শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১২

**নং ৫৩.০০৫.০১১.০১.০০.০২১.২০০৯-২৮৭**—The Insurance Corporation Act, 1973 এর ৭ ধারা অনুযায়ী জনাব মোহাম্মদ শফিকুল আযম, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগকে সাধারণ বীমা কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। উক্ত পর্ষদের পরিচালক, জনাব মোঃ সহিদ উল্লা মিয়া, অতিরিক্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়-কে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মামুন-আল-রশীদ**
উপ-সচিব (প্রশাসন ও বীমা)।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১২

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২০.২০০৮-৪৭১**—অগ্রণী ব্যাংক লিমিটেড এর Memorandum and Articles of Association এর বিধান অনুযায়ী জনাব আরাস্তু খান, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-কে অগ্রণী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। উক্ত পর্ষদের পরিচালক, জনাব রণজিৎ কুমার চক্রবর্তী, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ-কে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২০.২০০৮-৪৭২**—বাংলাদেশ কমার্স ব্যাংক এণ্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (পুনর্গঠন)-আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১২ নং আইন) এর ৭ (১) ধারার বিধান অনুযায়ী জনাব এ.টি.এম. মুর্তজা রেজা চৌধুরী এনডিসি, অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। উক্ত পর্ষদের পরিচালক জনাব মোঃ ইমদাদুল হক, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ-কে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ ডিসেম্বর ২০১২

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২১.২০০৮-৪৭৭**—সোনালী ব্যাংক লিমিটেড এর Memorandum and Articles of Association-এর বিধান অনুযায়ী প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজিনেস এর ডীন অধ্যাপক এ. এইচ. এম. হাবিবুর রহমান-কে সোনালী ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। উক্ত পর্ষদের বর্তমান পরিচালক ও চেয়ারম্যান জনাব কাজী বাহারুল ইসলাম-কে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মামুন-আল-রশীদ**
উপ-সচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৯ জানুয়ারি ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২০.২০০৮-২৫**—জনতা ব্যাংক লিমিটেড এর Memorandum and Articles of Association -এর বিধান অনুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিবর্গকে জনতা ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো ঃ

(ক) মিসেস সঙ্গীতা আহমেদ

(খ) অধ্যাপক ড. নিতাই চন্দ্র নাগ

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২০.২০০৮-২৬**—বাংলাদেশ স্মল ইন্ডাস্ট্রিজ এণ্ড কমার্স ব্যাংক লিমিটেড (বেসিক) এর পরিচালনা পর্ষদে জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, এফসিএমএ-কে পরিচালক হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২০ জানুয়ারি ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২০.২০০৮-৩৭**—বাংলাদেশ কমার্স ব্যাংক এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড (পুনর্গঠন)-আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১২ নং আইন) এর ৭(১) ধারার বিধান অনুযায়ী জনাব মোঃ ফরহাদ উদ্দিন, অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়-কে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ প্রদান করা হলো।

২। উক্ত পর্ষদের পরিচালক জনাব মোহাম্মদ সফিকুল আযম, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-কে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২২ জানুয়ারি ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৭.২০০৮-৪১**—বাংলাদেশ কৃষি ব্যাংক (দ্বিতীয় সংশোধনী) অর্ডার, ১৯৮৩ এর ৭(১)(ডি) ধারার বিধান অনুযায়ী জনাব মাহবুবুর রহমান ভূঁইয়া-কে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য পুনঃনিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৩ জানুয়ারি ২০১৩

**নং ৫৩. ০০১. ০১১. ০০. ০০. ০০৯. ২০০৮-৪৩**—বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড (বিডিবিএল) এর Memorandum of Association এর বিধান অনুযায়ী বিডিবিএল-এর পরিচালনা পর্ষদে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ব্যবস্থাপনা পরিচালক-কে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য পুনঃনিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৩**

**আদেশ**

তারিখ, ১৫ জানুয়ারি ২০১৩

**নং ৩৯-বিচার-৩/১ডি-১২/২০১০**—যেহেতু, বরিশালের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে লক্ষ্মীপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ, জনাব মোঃ মঈন উদ্দিন ইসলামের বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনয়নপূর্বক ১২/২০১০ নং বিভাগীয় মোকদ্দমা রুজু করতঃ কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মঈন উদ্দিন ইসলাম উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত বিভাগীয় ব্যবস্থা গ্রহণের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ মঈন উদ্দিন ইসলামের বিরুদ্ধে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব মোঃ মঈন উদ্দিন ইসলামকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির দায়ে তাঁকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪(৩)(বি) বিধিমোতাবেক বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করেন; এবং

যেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাঁকে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করার জন্য পরামর্শ প্রদান করেছেন;

যেহেতু, কর্তৃপক্ষ জনাব মোঃ মঈন উদ্দিন ইসলাম-কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি অনুযায়ী কেন চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি;

যেহেতু, জনাব মোঃ মঈন উদ্দিন ইসলাম-কে চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন প্রদান করেছেন;

এক্ষণে, সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ ও মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে বরিশালের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে লক্ষ্মীপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ মঈন উদ্দিন ইসলাম-কে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৪(৩)(বি) বিধিমোতাবেক বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করা হল।

এরূপ বাধ্যতামূলক অবসরদানের ফলে তিনি বিধিমোতাবেক সকল প্রকার আর্থিক সুবিধাদি পাবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

**বিচার শাখা-৬**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ৯ জানুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন ১১০/২০১২-২৯**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঠাকুরগাঁও জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট, জনাব অতুল প্রসাদ রায়, পিতা জনাব নর্ম্মদা নাথ রায় বর্মন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্যসম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় পর্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৪ জানুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন ১১২/২০১২-৩০**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কুষ্টিয়া জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট, জনাব মোহাঃ আলম জাকারিয়া, পিতা মরহুম জনাব মোহাঃ আজিজুল হককে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্যসম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিসৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় পর্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ৯ জানুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন ১১৩/২০১২-৩১**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে খুলনা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট, জনাব ইমদাদুল হক, পিতা মরহুম জনাব সোলাইমান সরদারকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য-সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫ (২) ধারার অধীনে অআবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিসৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় পর্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৪ জানুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন ১১৬/২০১২-৩২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিরাজগঞ্জ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট, জনাব মোঃ রফিকুল ইসলাম, পিতা মরহুম জনাব মোঃ আবুল হোসেন প্রামাণিক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্যসম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে অআবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিসৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় পর্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৫ জানুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন ১০৯/২০১২-৪৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মাদারীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট, জনাব বিমল চন্দ্র বাড়ৈ, পিতা স্বর্গীয় বাবু রাম বাড়ৈ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে অআবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিসৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় পর্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

---

**বিচার শাখা-৭**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ৬ জানুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-৬৩/৮০(অংশ)-১৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে জনাব আলী আকবর, পিতা আব্দুল কুদ্দুস, গ্রাম দোস্ত, ডাকঘর দর্শনা, উপজেলা+জেলা চুয়াডাঙ্গা-কে এই আইন ও উহার প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার ৫নং বেগমপুর ইউনিয়নের ১, ২ ও ৩নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৭ জানুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-০৬/২০১২-১৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে জনাব মোহাম্মদ ইব্রাহিম খলিল, পিতা মোহাম্মদ ছাদেক, সাং ধনিয়া ৪নং ওয়ার্ড, ডাকঘর ধনিয়া, উপজেলা+জেলা ভোলা-কে এই আইন ও উহার প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার সদর উপজেলার ৬নং ধনিয়া ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১০ জানুয়ারি ২০১৩

বিষয় ঃ **১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন এর ৩ ধারা অনুযায়ী স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রার নিয়োগ প্রসঙ্গে।**

**নং বিচার-৭/২এন-২০/২০১২-২২**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকার ১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন এর ৩ ধারা মোতাবেক এডভোকেট, জনাব মানিক চন্দ্র দাস, পিতা উপেন্দ্র চন্দ্র দাসকে ঢাকা জেলার জন্য স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রার হিসাবে লাইসেন্স প্রদানর অনুমোদনজ্ঞাপন করলেন।

২। স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রী করার ক্ষেত্রে আপনি ১৮৭২ সালের স্পেশাল ম্যারিজ আইন অনুসরণ করবেন।

৩। স্পেশাল ম্যারিজ রেজিস্ট্রী করার ক্ষেত্রে আপনি সর্বোচ্চ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা গ্রহণ করতে পারবেন।

৪। সরকার কর্তৃক স্থগিত না করা হলে লাইসেন্সধারীর ৬৫ বৎসর পূর্ণ হওয়া তারিখ হতে অবসর গ্রহণ করেছেন বলে গণ্য হবে।

তারিখ, ১৪ জানুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-৯৭/৭৭-২৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে জনাব মাওলানা নাজিবুল এহছান, পিতা মুহাঃ শামছুল আলম, সাং মানিকপুর, ডাকঘর নূরনগর, উপজেলা শ্যামনগর, জেলা সাতক্ষীরা-কে এই আইন ও উহার প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার ৪নং নূরনগর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে

**নং বিচার-৭/২এন-১৯/০৫-২৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে জনাব মোঃ নাজমুল হক, পিতা মোঃ নজরুল ইসলাম, গ্রাম শেখপুর, ডাকঘর প্রেমতলী, উপজেলা গোদাগাড়ী, জেলা রাজশাহীকে এই আইন ও উহার প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার গোগ্রাম ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

---

**কৃষি মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩ জানুয়ারি ২০১৩/২০ পৌষ ১৪১৯

**নং ১২.০১২.০৩১.০২.০২.০০৩.২০১০-১১**—যেহেতু, বেগম মোছাঃ রাহিলা খানম, ব্যক্তিগত কর্মকর্তা (বর্তমানে সাময়িক বরখাস্ত) কৃষি মন্ত্রণালয় হিসেবে কর্মরত থাকাকালীন তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি), মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে অত্র মন্ত্রণালয়ের ১৯-০৯-২০১১ তারিখের ৮৮৬ নং স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, বেগম মোছাঃ রাহিলা খানম বিগত ২৬-০৯-২০১১ তারিখে উক্ত কৈফিয়তের জবাব দাখিল করেন কিন্তু তিনি কোন ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেননি;

যেহেতু, তিনি আনীত অভিযোগের বিষয়ে কোন সন্তোষজনক জবাব দাখিল করতে পারেননি তাই সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য ০৩-১০-২০১১ তারিখের ৯৫৩ নম্বর পত্রমূলে জনাব সারওয়ার মুর্শেদ চৌধুরী, সিনিয়র সহকারী সচিব, কৃষি মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করে স্মারক নং ১৩৬৮; তারিখ ১৩-১২-২০১১ মারফত তদন্ত প্রতিবেদন পেশ করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং এ বিভাগীয় মামলার সাথে সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার ৪(৩)বি) বিধি মোতাবেক "বাধ্যতামূলক অবসরদান (Compulsory Retirement)" সূচক গুরুদণ্ড প্রদান করার প্রস্তাব করে অত্র মন্ত্রণালয়ের ১৭-৭-২০১২ তারিখের ৬৫২ নম্বর স্মারকমূলে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদানপূর্বক ৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিগত ২৩-৭-২০১২ তারিখে কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং উক্ত জবাব পরীক্ষান্তে তা সন্তোষজনক না হওয়ায় উল্লিখিত বিধিমালার ৭(৭) বিধি মোতাবেক অত্র মন্ত্রণালয়ের ৩০-৮-২০১২ তারিখের ৭৬৯ নম্বর

স্মারক মারফত অভিযুক্ত কর্মকর্তা বেগম মোছাঃ রাহিলা খানম- কে সরকারি চাকুরি হতে "বাধ্যতামূলক অবসরদান (Compulsory Retirement)" এর বিষয়ে মতামত প্রদানের জন্য বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ জানানো হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় উহার ১-১১-২০১২ তারিখের ২৬৯ নম্বর পত্রে অভিযুক্ত কর্মকর্তা বেগম মোছাঃ রাহিলা খানম-কে সরকারি চাকুরী হতে "বাধ্যতামূলক অবসরদান (Compulsory Retirement)" সূচক গুরুদণ্ড প্রদানের বিষয়ে গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

এক্ষণে, সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে একই বিধিমালা ৪(৩)(বি) বিধি মোতাবেক বেগম মোছাঃ রাহিলা খানম-কে চাকুরি হতে "বাধ্যতামূলক অবসরদান (Compulsory Retirement) সূচক গুরুদণ্ড প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ মুস্তাফীজুর রহমান**
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)।

---

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
## সংস্থা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৩

**নং ১৬.০০.০০০০.০০৪.০৪.০২৭.১৩-০৮**—বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ, ১৯৮৩ (অধ্যাদেশ নং ৬৯)-এর ৫নং ধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টি পুনর্গঠন করলেন ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | চেয়ারম্যান | ঃ | মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| (২) | ভাইস-চেয়ারম্যান | ঃ | মিঃ স্বজন কুমার তালুকদার, গ্রাম+পোঃ সৈয়দ বাড়ী, উপজেলা রাঙ্গুনীয়া, জেলা-চট্টগ্রাম। |
| (৩) | ট্রাস্টি | ঃ | মিঃ জ্ঞানেন্দ্রিয় চাকমা, রাজবাড়ী সড়ক, রাঙামাটি পার্বত্য জেলা। |
| (৪) | ট্রাস্টি | ঃ | মিঃ জ্ঞান বিকাশ চাকমা, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা। |
| (৫) | ট্রাস্টি | ঃ | মিঃ মং ক্য চিং চৌধুরী, সাবেক চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা। |
| (৬) | ট্রাস্টি | ঃ | মিঃ সুপ্ত ভূষন বড়ুয়া, গাইড, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ঢাকা। |
| (৭) | ট্রাস্টি | ঃ | মিঃ অংশিট, তালতলী, বরগুনা। |

২। বোর্ড অব ট্রাস্টির মেয়াদকাল প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ট্রাস্টির নিয়োগ বাতিল করতে পারবেন। অনুরূপভাবে কোন ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ড অব চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগপত্র পেশ করতে পারবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসির উদ্দিন আহমেদ**
উপ-সচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২০ পৌষ ১৪১৯/৩ জানুয়ারি ২০১৩

**নং প্রম/সাঃস/বর/১২/ডি-১৮/৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৭০১৯ ক্যাপ্টেন তানজীব বিন হেলাল, পদাতিক-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুল্‌স্ ) ৯এ, আর্মি রেগুলেশন্স (রুল্‌স্ ) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকুরী থেকে বরখাস্ত করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং প্রম/সাঃস/বর/১২/ডি-১৮/৯**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৮১৮৩ লেঃ মোঃ মাহমুদুল হাসান, এসি-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুল্‌স্ ) ৯এ, আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকুরী থেকে বরখাস্ত করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
উপ-সচিব।

---

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
## প্রশাসন শাখা-২

### অফিস আদেশ

তারিখ, ২৭ ডিসেম্বর ২০১২

**নং ৫২.০০৬.০২০.০০.০০.২৪২.২০১১-৮২৪**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'টেস্ট ফেইস ফর ন্যাশনাল পপুলেশন রেজিস্টার' শীর্ষক কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রশ্নপত্র চূড়ান্তকরণ, ম্যানুয়াল প্রস্তুত ও জরিপ পদ্ধতি নির্ণয়ের জন্য সরকার নিম্নরূপ টেকনিক্যাল কমিটি গঠন করলো ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব ওয়ালিউল ইসলাম, প্রাক্তন সচিব, পরিসংখ্যান বিভাগ | .. | চেয়ারপারসন |
| (২) | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | .. | কো-চেয়ারপারসন |
| (৩) | প্রফেসর কাজী সালেহ আহমেদ, প্রাক্তন ভাইস চ্যান্সেলর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | .. | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (৪) | প্রফেসর বারকাত ই খুদা, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | .. | সদস্য |
| (৫) | মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৬) | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | .. | সদস্য |
| (৭) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | .. | সদস্য |
| (৮) | প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প | .. | সদস্য |
| (৯) | যুগ্ম-সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | .. | সদস্য |
| (১০) | উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | .. | সদস্য |
| (১১) | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্ম-সচিবের নীচে নয়) | .. | সদস্য |
| (১২) | প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়) | .. | সদস্য |
| (১৩) | প্রতিনিধি, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা (যুগ্ম-প্রধানের নীচে নয়) | .. | সদস্য |
| (১৪) | প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়) | .. | সদস্য |
| (১৫) | প্রতিনিধি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়) | .. | সদস্য |
| (১৬) | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্ম-সচিবের নীচে নয়) | .. | সদস্য |
| (১৭) | প্রতিনিধি, খাদ্য মন্ত্রণালয় (যুগ্ম-প্রধানের নীচে নয়) | .. | সদস্য |
| (১৮) | প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়) | .. | সদস্য |
| (১৯) | চেয়ারম্যান, পরিসংখ্যান, প্রাণ-পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | .. | সদস্য |
| (২০) | চেয়ারম্যান, সমাজ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | .. | সদস্য |
| (২১) | চেয়ারম্যান, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | .. | সদস্য |
| (২২) | চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব জেন্ডার স্টাডিস, ঢাকা বিশ্ববিদ্যালয় | .. | সদস্য |
| (২৩) | চেয়ারম্যান, পপুলেশন সাইন্স ডিপার্টমেন্ট, ঢাকা বিশ্ববিদ্যালয় | .. | সদস্য |
| (২৪) | জনাব আবদুল বাতেন, প্রাক্তন পরিচালক, বিবিএস | .. | সদস্য |
| (২৫) | পরিচালক, সেন্সাস উইং, বিবিএস | .. | সদস্য |
| (২৬) | পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বিবিএস | | সদস্য |
| (২৭) | কর্মসূচী পরিচালক | | সদস্য-সচিব |

২। **টেকনিক্যাল কমিটির কর্মপরিধি ঃ**

(ক) কর্মসূচির আওতায় পরিচালিত পাইলট জরিপের প্রশ্নপত্র, ম্যানুয়াল, জরিপ পদ্ধতি (Survey Methodology) এবং এ সংক্রান্ত টেকনিক্যাল বিষয় অনুমোদন ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান; এবং

(খ) পাইলট জরিপ শেষে প্রণীত প্রতিবেদন মূল্যায়ন ও অনুমোদন।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপট করতে পারবে।

**মোঃ কামাল উদ্দীন**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**টিও-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ জানুয়ারি ২০১৩

**নং বাম/টিও-১/১(৩৪)/০২/০৭**—"জকিগঞ্জ শিল্প ও বণিক সমিতি" নামীয় সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের টি.ও লাইসেন্স প্রাপ্ত একটি বাণিজ্য সংগঠন, যার লাইসেন্স নং-৩২/২০০২, তারিখ ঃ ০৯-১১-২০০২।

যেহেতু, "জকিগঞ্জ শিল্প ও বণিক সমিতি এর অনুকূলে টি.ও. ও লাইসেন্স প্রদানের পরে সাংগঠনিক কার্যক্রম বিধি মোতাবেক পরিচালিত না হওয়ায় কেন লাইসেন্স বাতিল করা হবে না তৎমর্মে এ মন্ত্রণালয় হতে গত ২২-১০-২০১২ তারিখে রেজিঃ ডাকযোগে কারণ দর্শানোর নোটিশ জারী করা হলে সংগঠনটি সন্তোষজনক জবাব দাখিল করতে ব্যর্থ হয়;

যেহেতু, সংগঠনটির সদস্যদের টিআইএনযুক্ত কোন ভোটার তালিকা লাইসেন্স প্রদানের পর হতে মন্ত্রণালয়ে পাওয়া যায়নি, যা বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ৬ বিধির পরিপন্থী;

যেহেতু, সংগঠনটির অনুকূলে লাইসেন্স প্রদানের পর হতে বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের তথ্যাদি, কার্যনির্বাহী কমিটির তালিকা, বার্ষিক সাধারণ সভার উপস্থিতির তালিকাসহ সভার রেজুলেশন মন্ত্রণালয়ে যথাসময়ে দাখিল করতে ব্যর্থ হয়, যা বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ২৪ বিধির পরিপন্থী;

যেহেতু, সংগঠনটি লাইসেন্স বাতিলের বিষয়ে বিধি মোতাবেক পর পর দুটি শুনানীর নোটিশ জারীর পর গত ২৮-১১-২০১২ তারিখে সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি কর্তৃক দাখিলকৃত তথ্যাদি সন্তোষজন প্রতীয়মান হয়নি এবং শুনানীতে উপস্থিত কর্মকর্তাগণ সাংগঠনিক কার্যক্রমের তথ্যাদি দাখিল না করার ব্যাখ্যা/ জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন;

যেহেতু, সংগঠনটি বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ ও লাইসেন্স প্রদত্ত শর্ত প্রতিপালন না করে আইনের ব্যত্যয় ঘটিয়ে নিজেদের খেয়াল খুশিমত পরিচালিত হয়ে আসছে;

যেহেতু, সংগঠনটি সাংগঠনিক কার্যক্রমের তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে এবং বিধি মোতাবেক সংগঠনটি পরিচালিত না হওয়ায় বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ৬, ১৩, ১৪, ১৫, ১৬ ও ২৪ ধারার নির্দেশনা পালনে ব্যর্থ হয়েছে;

যেহেতু, লাইসেন্স প্রদানকালীন সময় হতে সংগঠনটি উহার সকল আদর্শ, উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়েছে;

সেহেতু, জকিগঞ্জ শিল্প ও বণিক সমিতি এর অনুকূলে মন্ত্রণালয় হতে প্রদানকৃত ০৯-১১-২০০২ তারিখের ৩২/২০০২ নং লাইসেন্সটি বাণিজ্য সংগঠন অধ্যাদেশ-১৯৬১ এর ৪ ধারা এবং বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এর ১১ বিধির প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা বাতিল করিল।

**জাবেদ আহমেদ**
পরিচালক, বাণিজ্য সংগঠন
ও
যুগ্ম-সচিব।

---

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ জানুয়ারি ২০১৩

**নং ৩৯.০১২.০০২.০২.০১.০১৫.২০১২-২৪**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে "গবেষণা মঞ্জুরী" এর আওতায় প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R & D) প্রকল্প এর বাছাই/নির্বাচন এবং সুপারিশ প্রদানের লক্ষ্যে বিশেষজ্ঞগণের সমন্বয়ে জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা বিষয়ে নিম্নরূপে কমিটি পুনর্গঠন করা হলো ঃ

(১) অধ্যাপক ড. নিলুফার নাহার, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা .. আহ্বায়ক

(২) অধ্যাপক ড. নাজমা শাহীন, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনষ্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা .. সদস্য

(৩) উপ-বৈজ্ঞানিক উপদেষ্টা (উপ-সচিব), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা .. সদস্য

(৪) ড. শাহিনা ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা .. সদস্য

(৫) সিনিয়র সহকারী সচিব, শাখা-১২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা .. সদস্য-সচিব

**কামরুন নাহার সিদ্দীকা**
সিনিয়র সহকারী সচিব।

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## পর্যটন-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ নভেম্বর ২০১২

**নং ৩০.০১৬.০১১.০০.০০.০০২.২০১২-৪০২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৯-২০১১ তারিখের ০৫.১৫০.০১৫.০০.০০.০০১.২০০৯-২৬১ নং স্মারক এবং অর্থ বিভাগের ২৬-০১-২০১২ তারিখের ০৭.০০.০০০০.১২৭.১৫.০০১.১২-২৫২ নং স্মারকের প্রেক্ষিতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সাংগঠনিক কাঠামোতে (টিওএন্ডই) নিম্নবর্ণিত যানবাহন, যন্ত্রপাতি ও অফিস সরঞ্জামাদি অন্তর্ভুক্ত করা হলো ঃ

**যানবাহন ঃ**

| ক্রম নং | যানবাহনের বিবরণ | যানবাহনের সংখ্যা |
|---|---|---|
| (১) | কার | ০১ টি |
| (২) | মাইক্রোবাস | ০১ টি |
| (৩) | মোটর সাইকেল | ০১ টি |
| | মোট ঃ | ০৩ টি |

**যন্ত্রপাতি ও অফিস-সরঞ্জামাদি ঃ**

| ক্রমিক নং | যন্ত্রপাতি ও অফিস-সরঞ্জামাদির বিবরণ | যন্ত্রপাতি ও অফিস-সরঞ্জামাদির সংখ্যা |
|---|---|---|
| (১) | ফটোকপিয়ার | ০২ টি |
| (২) | ফ্যাক্স মেশিন | ০১ টি |
| (৩) | কম্পিউটার | ১২ টি |
| (৪) | প্রিন্টার | ০৮ টি |
| (৫) | স্ক্যানার | ০১ টি |
| (৬) | পি এ সিস্টেম | ০১ টি |
| (৭) | মাল্টিমিডিয়া প্রজেক্টর | ০১ টি |
| (৮) | ডিজিটাল ক্যামেরা | ০১ টি |
| (৯) | টেলিভিশন | ০১ টি |
| | মোট ঃ | ২৮ টি |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**কেয়া খান**
উপ-সচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২ (অপারেশন)

### বিজ্ঞপ্তি

তারিখ, ২ জানুয়ারি ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৫৩.২০১০-০৩/১**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর

১৪৪ ধারাধীন ৭ নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক | মৌজার নাম | জে, এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | উচাবাড়ী | ২৫ | ভাংগা | ফরিদপুর |
| ২ | পুলিয়া | ১১৩ | ভাংগা | ফরিদপুর |
| ৩ | জঙ্গল পাশা | ১২৬ | ভাংগা | ফরিদপুর |
| ৪ | জানদী | ২৭ | ভাংগা | ফরিদপুর |
| ৫ | থানমাত্তা | ১৩০ | ভাংগা | ফরিদপুর |
| ৬ | রহিমপুর | ২৮ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| ৭ | সোন পচা | ৪৩ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| ৮ | ঘাটাকুড়া | ৬৪ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| ৯ | কোমরপুর | ১২৯ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| ১০ | বাটিকামারী বিল | ৩৪ | ফরিদপুর সদর | ফরিদপুর |
| ১১ | শিবপুর | ১০৪ | বোয়ালমারী | ফরিদপুর |
| ১২ | গঙ্গনন্দরপুর | ১৩৮ | বোয়ালমারী | ফরিদপুর |
| ১৩ | ধুলজোড়া | ১৫৭ | বোয়ালমারী | ফরিদপুর |
| ১৪ | চন্দনি | ৮৬ | বোয়ালমারী | ফরিদপুর |
| ১৫ | কোড়কদী | ৩২ | মধুখালী | ফরিদপুর |
| ১৬ | সোনাকুর | ১১০ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| ১৭ | তুদবাটী | ৩৮ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| ১৮ | সরসহাটি | ৯৩ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| ১৯ | খাঁ এর হাট | ৩৪ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| ২০ | বালুগ্রাম | ১৬ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| ২১ | সাতবাড়ীয়া | ৫৭ | কাশিয়ানী | গোপালগঞ্জ |
| ২২ | মহাটালী | ১৬২ | মকসুদপুর | গোপালগঞ্জ |
| ২৩ | পাচড়া | ৩৮ | মকসুদপুর | গোপালগঞ্জ |
| ২৪ | কেরাল কোপা | ১৯ | টুংগীপাড়া | গোপালগঞ্জ |
| ২৫ | বড় ডুমুরিয়া | ৩১ | টুংগীপাড়া | গোপালগঞ্জ |
| ২৬ | রামশীল ভূতের বাড়ী | ২৪ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| ২৭ | হুলাইল | ৯১ | বালিয়াকান্দি | রাজবাড়ী |
| ২৮ | চর মদনরায় | ১১২ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| ২৯ | সৈদারবালী | ১০৮ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| ৩০ | কালাপুর | ১৭ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| ৩১ | চর কাশিমপুর | ৭৬ | কালকিনি | মাদারীপুর |
| ৩২ | দক্ষিণ ছলিমপুর | ১৫৬ | কালকিনি | মাদারীপুর |

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

---

**মাঠ প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৬.৬৮.১৬৮.১২-১০৩৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৯-১১-১৯৯৫ তারিখের সম/সংব্যঃ/টিম ৪/ভূম/৯/৯৫-১৬৭ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ৯-২-২০১১ তারিখের অম/অবি-ব্যঃ/নিঃ-২/ভূমি-০১/২০০৮/২৯ ও ৯-৯-২০১২ তারিখের অম/অবি/ব্যঃ/নিঃ-২/ভূমি-০১/২০০৮/১৮২ নং স্মারক, বাস্তবায়ন অনুবিভাগের ১৭-১২-২০১২ তারিখের ০৭.০০.০০০০.১৬১. ৩১.০০৪.১২- ২৬৫ নং স্মারকাদেশ মোতাবেক ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সহকারী সেটেলমেন্ট অফিসার ও অতিরিক্ত ভূমি হুকুম দখল কর্মকর্তা পদ দু'টির পদমর্যাদা ২য় শ্রেণির গেজেটেড পদ হতে ১ম শ্রেণি (নন-ক্যাডার) পদে উন্নীত করা হলো এবং বর্তমান পদধারীগণকে উক্ত উন্নীত পদে স্থাপন করা হলো। পদ দু'টির উন্নীত বেতন স্কেল ও পদমর্যাদা নিম্নরূপ ঃ

| পদের নাম | পূর্বের বেতনস্কেল | পূর্বের পদমর্যাদা | উন্নীত বেতনস্কেল | উন্নীত পদমর্যাদা |
|---|---|---|---|---|
| সহকারী সেটেলমেন্ট অফিসার এবং অতিরিক্ত ভূমি হুকুম দখল কর্মকর্তা | ৮,০০০-১৬,৫৪০ (১০ম গ্রেড) | ২য় শ্রেণি | ১১,০০০-২০,৩৭০ (৯ম গ্রেড) | ১ম শ্রেণির (নন-ক্যাডার) |

২। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ জি. ও জারি করা হলো।

৪। জনস্বার্থে জারিকৃত আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

**মোঃ আমজাদ আলী**
উপ-সচিব।

**অধিগ্রহণ শাখা-০২**

**এল, এ, কেস নং ১৬৯/১৯৬৭-৬৮**

**ঘোষণা**

**ঘ-ফরম**

**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.৩৪১.১২-৬১৭**—যেহেতু, নিম্ন-তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর "৩" ধারার আদেশ মোতাবেক হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাচ্ছে যে, নিম্নতফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো ঃ

**তফসিল**

জেলা বরগুনা, উপজেলা পাথরঘাটা, মৌজা কালিপুর, জেএল নং ০৮, সিট নং ০৩।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৯০৩, ৯০৯ | ২৪২১ | ০.৫৪ |
| ৯০৩, ৯০৯ | ২৪২২ | ০.২৮ |
| ৯০৩, ৩১২, ৯০৯ | ২৪২৩ | ০.৫৯ |
| ৯০৩, ৯০৯ | ২৪২৪ | ০.১৩ |
| ৯০৩, ৯০৯ | ২৪৫২ | ০.৫০ |
| ৫৭৯ | ২৪৫৪ | ০.০৩ |

মোট জমির পরিমাণ=২.০৭ (দুই দশমিক সাত শতাংশ মাত্র) একর মাত্র।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**এল, এ, কেস নং ১/৭৩-৭৪**

**ঘোষণা**

**ঘ-ফরম**

**সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.৩৩৮.১২-৬১৮**—যেহেতু, নিম্ন-তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর "৩" ধারার আদেশ মোতাবেক হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো ঃ

**তফসিল**

জেলা বরগুনা, উপজেলা আমতলী, মৌজা পুজাখোলা, জেএল নং ৫৪, সিট নং ০৩।

| খতিয়ান নং | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ১১৮ | ১০৭৪ | ০.২০ |
| ১৭৫, ১৭৪, ৭ | ১০৯৯ | ০.৩০ |
| ৮ | ১১০০ | ০.১৪ |
| ১০৮ | ১১০৭ | ০.১০ |
| ৯ | ১১০৮ | ০.১৬ |
| ১৭৭ | ১১১৭ | ০.০৬ |
| ১২৩, ১৩৮ | ১১২১ | ০.১০ |
| ১২৩, ১৩৮ | ১১২২ | ০.০৬ |
| ১২৩, ১৩৮ | ১১২৩ | ০.৩০ |
| ৬২, ১২৩, ১৩৮ | ১১২৪ | ০.১৮ |
| ১২৩, ১৩৮ | ১১২৫ | ০.০৪ |
| ১৩৩ | ১২৩২ | ০.১০ |

মোট জমির পরিমাণ=১.৭৪ (এক একর চুয়াত্তর শতাংশ) একর মাত্র।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**এল, এ কেস নং ৪৩/৮০-৮১**

**ঘোষণা**

**ঘ-ফরম**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.৩৩৭.১২-৬১৯**—যেহেতু, নিম্ন-তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ ইং সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৪-০৭-৮১ ইং তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল ঃ

**তফসিল**

জেলা ফেণী, উপজেলা ফেণী সদর, মৌজা চানপুর, জে, এল, নং ২৭৪।

| দাগ নং | জমি |
|---|---|
| ৩৮৯ | ০.১২ |
| ৩৯০ | ০.০২ |
| ৩৮৮ | ০.১৯ |
| ৪১১ | ০.০১ |
| ৪৭৯ | ০.০২ |
| ৪৮০ | ০.০৬৫ |
| ৪৮১ | ০.০৫৫ |
| ৫০০ | ০.০৩৫ |
| ৪৯৮ | ০.০৯৫ |
| ৪৯৯ | ০.০১ |
| ৫৬১ | ০.০৬৫ |
| ৫৬০ | ০.০৬৫ |
| ৫৫৭ | ০.০৯ |
| ৫৫৮ | ০.০১ |
| ৫৫২ | ০.০১ |
| ৫৪৮ | ০.১০৫ |
| ৫২৮ | ০.০৬৫ |
| ৫২৭ | ০.০২ |
| ৫৩০ | ০.০৩ |
| ৫৩১ | ০.০৭৫ |
| ৫৩৩ | ০.০৭৫ |
| ৫৩৪ | ০.০২ |
| ৪৮৩ | ০.০১ |
| ৪৭৮ | ০.০৪৫ |
| ৪৮২ | ০.০৫৫ |

মোট= ১.৩৬ একর (কম/বেশী)।

জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ফেণীর এল, এ শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**এল, এ, কেস নং ১৫৮/৬৯-৭০**

**ঘোষণা**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২৪০.১২-১৩**—যেহেতু, নিম্ন-তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইনের (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১০-৮-১৯৭০ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু উক্ত আইনের ৫ ধারা (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

জেলা সাতক্ষীরা, উপজেলা কালিগঞ্জ, মৌজা কালিকাপুর, জে, এল, নং ২৪৪।

সি, এস দাগ নং (আংশিক) ৫২, ৫৪, ৬৯, ৭০, ৭১, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯ ও ৯০।

জমির পরিমাণ-২৪.৬২ (চব্বিশ দশমিক ছয় দুই) একর।

ভূমি নকশা ভূমি হুকুম দখল শাখা, সাতক্ষীরা অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**এল এ কেস নং ১১৯/১৯৬৪-৬৫**

**ঘোষণা**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২২৫.১২-১৪**—যেহেতু, নিম্ন-তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৪-৮-১৯৬৯ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল ঃ

**তফসিল**

মৌজা ১৯ নং শ্রীপুর, উপজেলা শ্রীপুর, জেলা মাগুরা।

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৩ | ১৯০৬ | ০.০৮ | ০.০২ |
| ৮৮৮ | ১৯০৭ | ০.১৯ | ০.০৩ |
| ১৯৩ | ১৯০৫ | ০.৩২ | ০.০৩ |
| ৯৬৫ | ১৯০৪ | ০.০৮ | ০.০২ |
| ৯৬৫ | ১৮৫৯ | ০.৩৪ | ০.০৩ |
| ৩৭৬ | ১৯০০ | ০.২০ | ০.০৩ |
| ৩৭৬ | ১৯০১ | ০.০৭ | ০.০১ |
| ৩৭৭ | ১৮৯৯ | ০.২৮ | ০.০৩ |
| ৪৩০ | ১৯০২ | ০.৪৪ | ০.০২ |
| ৫৪৫ | ১৮৯৮ | ০.৫১ | ০.০৬ |
| ৮৮৯ | ১৮৯০ | ০.২৪ | ০.০৩ |
| ৮৯৫ | ২১৯৮ | ০.৩২ | ০.০১ |
| ১৫৩ | ১৮৬৪ | ০.১১ | ০.০২ |
| ১৫৩ | ২১৬০ | ০.২১ | ০.০৫ |
| ২৮৩ | ১৮৬৩ | ০.৪৩ | ০.০২ |
| ৮৮, ৯৭ | ১৮৬৫ | ০.০৯ | ০.০১ |
| ৩২৮ | ১৮৮৯ | ০.১৪ | ০.০৩ |
| ৩২৮ | ১৮৮৮ | ০.২২ | ০.০৪ |
| ২২৪ | ১৮৮৫ | ০.১৬ | ০.০২ |
| ১৯০ | ১৮৮৭ | ০.০৯ | ০.০২ |
| ১৯২ | ১৮৮৬ | ০.০৯ | ০.০৩ |
| ২০৫ | ২২৮৩ | ০.২৬ | ০.০৪ |
| ২৪১ | ২২৭৫ | ০.৩২ | ০.০৪ |
| ১৮৭ | ২১৪৬ | ০.১৬ | ০.০২ |
| ৯০৩ | ২২০৩ | ০.১২ | ০.০২ |
| ৪৯৩ | ২১৪৪ | ০.২২ | ০.০৫ |
| ২৬৯ | ২১৩৯ | ০.১১ | ০.০২ |
| ২৬৯ | ২১৩৬ | ০.৩০ | ০.০২ |
| ২৬৯ | ২২৫৩ | ০.৪৪ | ০.০১ |
| ২০৩ | ২২৫৯ | ০.১৪ | ০.০২ |
| ৫২১ | ২২৫৭ | ১.২৮ | ০.১২ |
| ৭১২ | ২২৫৮ | ০.১২ | ০.০৩ |
| ৭১২ | ২২৭২ | ০.৩৪ | ০.০৩ |
| ৭২৪ | ২২৭১ | ০.৩১ | ০.০৩ |
| ৭২৫ | ২২৭০ | ০.৩০ | ০.০৪ |
| ৪৫৭ | ২২৭৩ | ০.১২ | ০.০২ |
| ১১১ | ২২৬৯ | ০.৪৭ | ০.০৪ |
| ৩৪২ | ২২৭৪ | ০.৩৯ | ০.০৪ |
| ৩৩৮ | ২১৯১ | ০.৬০ | ০.০৩ |
| ৫৭১, ৫৭২ | ২১৯৩ | ০.১৭ | ০.০৩ |
| ২৮৪ | ২১৯৪ | ০.৩৪ | ০.০৬ |
| ৩৪৯ | ১৮৬৬ | ০.১৩ | ০.০১ |
| ৩৪৯ | ২১৩৪ | ০.১৯ | ০.০৩ |
| ৩৪৯ | ২২৯১ | ০.৪১ | ০.০৩ |
| ৩৪৯ | ২১৩৮ | ০.০৮ | ০.০১ |
| ৪৬৯ | ২১৩৭ | ০.০৯ | ০.০১ |
| ৪৬৬ | ২১৪৭ | ০.১৭ | ০.০৪ |
| ৪৬৬ | ২১৪৮ | ০.২৯ | ০.০৬ |
| ৪৭, ৪৮ | ২১৯৫ | ০.২৩ | ০.০২ |
| ৪৯০ | ২১৯৬ | ০.৪৯ | ০.০৩ |
| ১৮৯ | ২১৭৫ | ০.১০ | ০.০১ |
| ১৮৯ | ২২৪০ | ০.২১ | ০.০১ |
| ৬৭৫ | ২২৩৩ | ০.৪০ | ০.০৫ |
| ৬৭৫ | ২২৩৪ | ০.৩৮ | ০.০৩ |
| ৯৭৮ | ২১৭৪ | ০.১৮ | ০.০৪ |
| ৯৩ | ২১৫৯ | ০.২২ | ০.০৩ |
| ৯৩ | ২১৩৫ | ০.১২ | ০.০৩ |
| ৬৬৪ | ২১৬২ | ০.৪০ | ০.০৩ |
| ৬৬৪ | ২২৩১ | ০.১২ | ০.০২ |
| ৬৬৪ | ২২৩২ | ০.২০ | ০.০২ |
| ৬৬৪ | ২১৬৩ | ০.১৫ | ০.০১ |
| ৪৯২ | ২১৯৭ | ০.৪৭ | ০.০৮ |
| ৪১৩ | ২২৭৮ | ০.১৯ | ০.০৩ |
| ৪১৮ | ২২৭৯ | ০.৩২ | ০.০৫ |
| ৪১৯ | ২২৭৭ | ০.৩৫ | ০.০১ |
| ৪১৯ | ২২৮৪ | ০.১০ | ০.০৩ |
| ৪১৯ | ২২৮০ | ০.২৫ | ০.০১ |
| ৪১৯ | ২২৮১ | ০.২৬ | ০.০২ |
| ৪১৯ | ২২৮২ | ০.২০ | ০.০১ |
| ৪১৯ | ২২৮৭ | ০.১৬ | ০.০২ |
| ৭১৬ | ২২৮৮ | ০.১৭ | ০.০২ |
| ১৫৮ | ২১৪৪ | ০.১২ | ০.০২ |
| | | | সর্বমোট=২.০৯ একর |

(দুই একর নয় শতক মাত্র)

অধিগ্রহণকৃত ভূমির নক্সা অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ মাঘ ১৪১৯/২৩ জানুয়ারি ২০১৩

নং **মশিবিম/শা-সেল/জামস/কমিটি-৭/৯৯(অংশ-১)/৫৮**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক নিম্নলিখিত ব্যক্তিগণের সমন্বয়ে জাতীয় মহিলা সংস্থার পাবনা জেলা কমিটি গঠন করা হলো ঃ

(১) নাদিরা ইয়াসমিন জলি, স্বামী মোঃ ওমর শরীফ, লাইব্রেরী বাজার, পাবনা। চেয়ারম্যান

(২) শামসুন নাহার খাঁন, স্বামী ওয়াজউদ্দিন খাঁন, আটুয়া, পাবনা। সদস্য

(৩) রোকেয়া খান ইতি, স্বামী সোরহাবউদ্দিন খান, মেটে সড়ক, পাবনা। সদস্য

(৪) আমিনা বিশ্বাস, স্বামী ইদ্রিস আলী বিশ্বাস, গোপালপুর, পাবনা। সদস্য

(৫) লায়লা শামীম আরা শিখা, স্বামী মোছলেম উদ্দিন ওরুন, কৃষ্ণপুর, পাবনা। সদস্য

২। ১নং ক্রমিকের নাদিরা ইয়াসমিন জলি উক্ত কমিটির চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন।

তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু নঈম**
সিনিয়র সহকারী সচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ অগ্রহায়ণ ১৪১৯/১০ ডিসেম্বর ২০১২

**নং ৫৪.০০.০০০০.০০৭.২৭.১২৭.১১.৩৩৭০**—যেহেতু, আপনি জনাব মোঃ গোলাম আম্বিয়া, সরঞ্জাম নিয়ন্ত্রক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী (প্রাক্তন জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন/পাহাড়তলী) ডিসিওএস/পরিদর্শন, পাহাড়তলী হিসাবে কর্মরত থাকা অবস্থায় প্রধান সরঞ্জাম/পাহাড়তলী দপ্তর হইতে ৩৬৬ মেট্রিক টন পিগ আয়রন ক্রয়ের নিমিত্তে চুক্তিপত্র নং পি২/জিবি ৪/৩৫/৯১-৯২/এসিএসটি/পার্ট-২/৪১, তারিখ ১৫-১০-১৯৯৪ মেসার্স পতেংগা বিল্ডার্স/চট্টগ্রাম এর সাথে স্বাক্ষর করেন এবং আপনি ২৬-১০-৯৪ হতে ১৫-১১-৯৪ পর্যন্ত ৩৯২.৯ মেট্রিক টন পিগ আয়রন (সরবরাহকারী চালান অনুযায়ী) সরররাহ করেন। মালামাল প্রাপ্তির পর পরীক্ষা নিরীক্ষা করে গত ৩০-১১-৯৪ তারিখে ২১৬ মেট্রিক টনের এবং ১৮-১-৯৫ তারিখে ১৫০ মেট্রিক টনের এর রিসিভ নোট জারী করেন;

২। যেহেতু, চুক্তিপত্র মোতাবেক মোট মালামাল ৩৬৬ মেট্রিক টনের মধ্যে পাহাড়তলী ডিপোর ২১৬ মেট্রিক টন এবং সৈয়দপুর ডিপোর ১৫০ মেট্রিক টন থাকলেও মালামাল চুরির পূর্বে বিভিন্ন সময়ে সৈয়দপুর ডিপোর মালামাল প্রেরণ করলেও আপনি পাহাড়তলী ডিপোর আংশিক মালামাল পরিদর্শন ডিপোতে মজুদ রেখেছিলেন। সর্বশেষ রিসিভ নোট জারী করা হয় ১৮-১-৯৫ তারিখে এবং চুরি সনাক্ত হয় ২০-৮-৯৫ তারিখে। যদিও পরিদর্শন ডিপোর রেকর্ড অনুযায়ী উক্ত তারিখে ৭০ মেট্রিক টন মাল মজুদ থাকার কথা ছিল। যেহেতু পরিদর্শন ডিপো একটি ট্রানজিট ডিপো তাই মালামাল সঠিকভাবে পরিদর্শনপূর্বক রিসিভ নোট জারীর পর যথাশীঘ্র মজুদ ডিপোতে প্রেরণ করা বাঞ্ছনীয় ছিল। আপনি দীর্ঘ ৭ মাসের মধ্যে সম্পূর্ণ মালামাল ডিপোতে প্রেরণ না করায় এবং মালামাল ডিপোতে প্রেরণে অস্বাভাবিক বিলম্বের জন্য দায়ী সংশ্লিষ্ট কর্মচারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগ ১৭-৮-২০১১ তারিখে ৫৪.০০.০০০০.০০৭.২৭.১২৭.১১-৮৪৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

৩। যেহেতু, আপনি গত ৮-৯-২০১১ তারিখে লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর আবেদন করেন এবং ১৭-১০-২০১১ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

৪। যেহেতু, আপনার লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানী সন্তোষজনক না হওয়ায় বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোহাম্মদ মোস্তফা, যুগ্ম-সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) কে ২৮-১২-২০১১ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা অভিযোগসমূহ তদন্তপূর্বক গত ১৮-১০-২০১২ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হলেও ভবিষ্যতে কর্তব্য কাজে আরো মনোযোগী হওয়ার জন্য সতর্ক করে আপনাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন;

৬। সেহেতু, আপনি জনাব মোঃ গোলাম আম্বিয়া, সিওএস/পশ্চিম, রাজশাহী (প্রাক্তন জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক/পরিদর্শন/পাহাড়তলী) কে ভবিষ্যতে কর্তব্য কাজে আরো মনোযোগী হওয়ার জন্য পরামর্শ প্রদান করতঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগ হতে একই বিধিমালার ৭(২)(এ) বিধি মোতাবেক আপনাকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মহবুব উর রহমান**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ডিসেম্বর ২০১২/২৯ অগ্রহায়ণ ১৪১৯

**নং ৩৭.০০.০০০০.০৭১.০২.০০১.২০০৮-১০৩২**—যেহেতু, বেগম নূর-ই-আলম মোর্শেদা, প্রধান শিক্ষিকা, সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (প্রাক্তন প্রধান শিক্ষিকা, যশোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর) এর বিরুদ্ধে ২০১১ সালের এসএসসি পরীক্ষার অতিরিক্ত খাতার হিসাব গোপন করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষিকা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব ও উপস্থাপিত অন্যান্য কাগজপত্র পর্যালোচনাসহ শুনানীঅন্তে অভিযোগের সত্যতা প্রতীয়মান হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) বিধি মোতাবেক তাঁকে দোষী সাব্যস্ত করে তিরস্কার (censure) করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ডিসেম্বর ২০১২

**নং শিম/শাঃ ৭/বিভাগীয় মামলা-২৭/২০১১/৭৮২**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব দিল তানজিলা মালেক (০১৫৪১৯), সহকারী অধ্যাপক (বাংলা), সরকারি কারমাইকেল কলেজ, রংপুর ১০% কোটায় নিয়োগপ্রাপ্ত হয়ে ১৪-৬-২০০৬ তারিখে সরকারি চাকুরিতে যোগদান করেন। তিনি অভিজ্ঞতার ভুয়া সনদ ব্যবহার করে ১০% কোটায় সরাসরি নিয়োগপ্রাপ্ত হয়েছেন মর্মে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে তিনি জবাব প্রদান করেন এবং গত ২৩-১০-২০১১ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানী শেষে বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে অভিজ্ঞতার ভুয়া সনদ ব্যবহার করে ১০% কোটায় সরকারি চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হওয়ার অভিযোগ প্রমাণিত হয়। অতপর অভিযুক্ত কর্মকর্তাকে ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং তার জবাব সন্তোষজনক বলে বিবেচিত হয়নি;

যেহেতু, জনাব দিল তানজিলা মালেক এর অভিজ্ঞতার সনদ ভুয়া প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন উক্ত সিদ্ধান্তে একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি উক্ত প্রস্তাবে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব দিল তানজিলা মালেক কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করা হ'ল।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

**শাখা-২০**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ পৌষ ১৪১৯/৩০ ডিসেম্বর ২০১২

**নং শিম/শাঃ ২০/৭-৩/২০১১/৪১৯**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন "ঢাকা মহানগরীতে ১১টি মাধ্যমিক বিদ্যালয় ও ৬টি মহাবিদ্যালয় (সরকারি) স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন ১২টি শিক্ষা প্রতিষ্ঠানের নিম্নোক্ত নামকরণ করা হলো ঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম |
|---|---|
| (১) | দুয়ারীপাড়া সরকারি মাধ্যমিক বিদ্যালয়, রূপনগর, ঢাকা। |
| (২) | দুয়ারীপাড়া সরকারি মহাবিদ্যালয়, রূপনগর, ঢাকা। |
| (৩) | মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা। |
| (৪) | ভাষানটেক সরকারি মাধ্যমিক বিদ্যালয়, কাফরুল, ঢাকা। |
| (৫) | ভাষানটেক সরকারি মহাবিদ্যালয়, কাফরুল, ঢাকা। |
| (৬) | হাজী এম এ গফুর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ডেমরা, ঢাকা। |
| (৭) | দারুসসালাম সরকারি মাধ্যমিক বিদ্যালয়, মিরপুর, ঢাকা। |
| (৮) | উত্তরখান সরকারি মাধ্যমিক বিদ্যালয়, উত্তরা, ঢাকা। |
| (৯) | বড় মগবাজার সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা। |
| (১০) | ঢাকা উদ্যান সরকারি মহাবিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা। |
| (১১) | কামরাঙ্গীরচর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা। |
| (১২) | সবুজবাগ সরকারি মহাবিদ্যালয়, ঢাকা। |

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শামসুল আলম**
সহকারী সচিব।

**[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত ]**

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ পৌষ ১৪১৯/১৮ ডিসেম্বর ২০১২

**নং প্রাগম/ বিদ্যা-১/ সমিতি-৪/ বেসঃপ্রাঃশিঃকল্ট্রাঃ/ ২০০৯/ ৫২০**—বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন, ২০০০ (২০০০ সনের ৩৮নং আইন) এর আওতায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৫-১০-২০০৯ তারিখের প্রাগম/বিদ্যা-১/সমিতি-৪/বেসঃপ্রাঃশিঃকল্ট্রাঃ/ ২০০৯/৩৮৮ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টি বোর্ড নিম্নরূপে পুনঃগঠন করা হলো ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ঃ | চেয়ারম্যান |
| (২) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | ঃ | ভাইস-চেয়ারম্যান |
| (৩) | মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | ঃ | ভাইস-চেয়ারম্যান |

| | | | |
|---|---|---|---|
| (৪) | পরিচালক (প্রশাসন), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | ঃ | কোষাধ্যক্ষ |
| (৫) | অর্থ বিভাগের মনোনীত একজন কর্মকর্তা | ঃ | সদস্য |
| (৬) | উপ-সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ঃ | সদস্য |
| (৭) | জনাব মোঃ ফোরকান আলী, প্রধান শিক্ষক, টাউন কালিকাপুর রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, পটুয়াখালী | ঃ | সদস্য |
| (৮) | জনাব এস. এম. গোলাম খালেক, প্রধান শিক্ষক, আমেনা বিদ্যা নিকেতন রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, সিতাকুন্ড, চট্টগ্রাম। | ঃ | সদস্য |
| (৯) | বেগম অজন্তা দাস গুপ্তা, সহকারী শিক্ষিকা, ডুংশ্রী রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ সুরমা, সিলেট। | ঃ | সদস্য |
| (১০) | বেগম রাধা রানী ভৌমিক, সহকারী শিক্ষিকা, ছকরীকান্দা রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, মধুখালী, ফরিদপুর। | ঃ | সদস্য |
| (১১) | জনাব এম. এ. সোবহান, সহকারী শিক্ষক, উত্তর বাড়াইপাড়া রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, হাতীবান্ধা, লালমনিরহাট। | ঃ | সদস্য |
| (১২) | বেগম মোছাঃ পারভিন আক্তার, সহকারী শিক্ষিকা, উদয়পুর রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, ঝিনাইদহ। | ঃ | সদস্য |
| (১৩) | জনাব মোঃ আমিনুল ইসলাম চৌধুরী, প্রধান শিক্ষক, বরইতলী রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, কাজীপুর, সিরাজগঞ্জ। | ঃ | সদস্য-সচিব |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবুল কালাম**
উপ-সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ পৌষ ১৪১৯/২০ ডিসেম্বর ২০১২

বিষয় ঃ **শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের জন্য জেলাভিত্তিক ২৪টি শিল্পনগরী কর্মসূচী" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত 'কারিগরি কর্মকর্তা'-এর ০৯ (নয়)টি, 'হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ'-এর ০৮ (আট)টি মোট ১৭ (সতের)টি অস্থায়ী পদ স্থায়ীকরণের সরকারি আদেশ।**

**সূত্র ঃ** (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.১৬০.০২৮.০৩.০০.০০৬.২০০৯-২২৭, তারিখ ১৬-৭-২০১২।

(২) অর্থ বিভাগের পত্র নং ০৭.০০.০০০০.১২৮.৩৬.০০২.১২-১১৭, তারিখ ২৯-১১-২০১২ খ্রিঃ।

**নং ৩৬.০৬৫.০১৫.০০.০২.০০৯.২০১০-৩২০**—উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের জন্য জেলাভিত্তিক ২৪টি শিল্পনগরী কর্মসূচী" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ২ (দুই) ক্যাটাগরির ১৭ (সতের) টি অস্থায়ী পদ বর্ণিত শর্তে ১-৬-২০১২ তারিখ হতে স্থায়ীকরণের সরকারি আদেশ নির্দেশক্রমে জারি করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদসংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | কারিগরী কর্মকর্তা | ০৯ (নয়) টি | ৫১০০-১০৩৬০ (১০ নং গ্রেড) |
| (২) | হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ | ০৮ (আট) টি | ৩৫০০-৭৫০০ (১৩নং গ্রেড) |

**শর্তসমূহ ঃ**

(ক) অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে স্থায়ীকরণকৃত পদ চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই আপডেট করতে হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়েলের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে; এবং

(গ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। পদ স্থায়ীকরণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

---

**বিএসটিআই ও বিএসইসি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ জানুয়ারি ২০১৩

বিষয় ঃ **বিএসটিআই'র বিদ্যমান আইন/অধ্যাদেশসমূহ সংশোধন-পূর্বক যুগোপযোগীকরণের লক্ষ্যে গঠিত কমিটির আহ্বায়ক মনোনয়ন প্রসংগে।**

**নং ৩৬.০২.০০০০.০৬৭.০৪.০০১.২০১১-০৮**—উপর্যুক্ত বিষয়ে বিএসটিআই'র বিদ্যমান আইন/অধ্যাদেশসমূহ সংশোধনপূর্বক যুগোপযোগীকরণের লক্ষ্যে কমিটির আহ্বায়ক হিসেবে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব সুষেন চন্দ্র দাস-কে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

**মোঃ রফিকুল ইসলাম**
সহকারী সচিব।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## আনসার শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১২

**নং ৪৪.০৩.০০০০.১১৪.১৪.০০৫.১২-৩৬২**—জনাব এস এম আবুল হাসনাত দুলাল, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সদর, গাজীপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আনীত অভিযোগ সার্বিক পর্যালোচনান্তে ইতোপূর্বে প্রদত্ত 'তিরস্কার' দণ্ড মওকুফপূর্বক তাঁকে ভবিষ্যতে সরকারি কর্তব্য পালনে অধিকতর যত্নবান হওয়ার জন্য সতর্ক করে উক্ত বিধির ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমেদ**
সিনিয়র সচিব।

---

## পুলিশ শাখা-২

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ জানুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৯৫.১৮.০০১.১৩-৪১**—স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১৯-১-২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৯৫.১৮.০০১. ১৩-৩৫ নং স্মারক মূলে ২০১২ সালে বাংলাদেশ পুলিশের সদস্যগণের অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতি স্বরূপ ২ (দুই) জনকে 'বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)', ২০ (বিশ) জনকে 'রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)' এবং গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য ৩ (তিন) জনকে 'বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা' এবং ৩৩ (তেত্রিশ) জনকে 'রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)-সেবা' প্রদান করা হয়। এক্ষণে আরো ৩ (তিন) জনকে গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদ্ঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য 'বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা এবং ৬ (ছয়) জনকে 'রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)-সেবা' প্রদান করা হ'ল ঃ

**(ক) বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম)-সেবা**—

| | | |
|---|---|---|
| (১) | জনাব বিনয় কৃষ্ণ বালা, পিপিএম, ডিআইজি, (এএন্ডডি), পুলিশ হেডকোয়ার্টার্স, ভূতপূর্ব ডিআইজি, রংপুর রেঞ্জ, রংপুর। | বিপিএম-সেবা |
| (২) | জনাব মোহাম্মদ ইব্রাহীম ফাতেমী, পিপিএম, যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা। | বিপিএম-সেবা |
| (৩) | জনাব মাহ্ফুজুর রহমান, এআইজি (গোপনীয় ও অপারেশন), বাংলাদেশ পুলিশ, হেডকোয়ার্টার্স, ঢাকা। | বিপিএম-সেবা |

**(খ) রাষ্ট্রপতির পুলিশ পদক (পিপিএম)-সেবা**—

| | | |
|---|---|---|
| (৪) | জনাব মোঃ সফিকুর রহমান, পুলিশ কমিশনার, কেএমপি। | পিপিএম-সেবা |
| (৫) | জনাব মোঃ মিজানুর রহমান, অতিঃ ডিআইজি, ঢাকা রেঞ্জ, ভূতপূর্ব পুলিশ সুপার, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৬) | জনাব বশির আহম্মদ, পুলিশ সুপার, ভোলা | পিপিএম-সেবা |
| (৭) | জনাব রখফার সুলতানা খানম, এআইজি (প্রশাসন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। | পিপিএম-সেবা |
| (৮) | জনাব নুরেআলম মিনা, পুলিশ সুপার, সুনামগঞ্জ। | পিপিএম-সেবা |
| (৯) | জনাব মুহাঃ আলমগীর হোসেন, সিনিয়র সহকারী পুলিশ সুপার, কুলাউড়া সার্কেল, মৌলভীবাজার। | পিপিএম-সেবা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আশফাকুল নুমান**
সিনিয়র সহকারী সচিব।

---

## রাজনৈতিক শাখা-৪

### প্রজ্ঞাপন

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৩

**নং স্বঃমঃ(রাজ-৪)/বিবিধ-৩/২০০৩/৬৪**—যেহেতু নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৭ জানুয়ারি ২০১৩ তারিখ ৯ম জাতীয় সংসদের ২৮৯ চট্টগ্রাম-১২ শূন্য আসনে নির্বাচন অনুষ্ঠিত হইবে, সেহেতু সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় আইন শৃংখলা বজায় রাখার লক্ষ্যে জনস্বার্থে বৈধ ও লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সকল প্রকার আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ বিষয়ে The Arms Act 1878 (Act No. XI of 1878)-এর Section 17-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত আদেশ জারী করিল ঃ

(১) সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ১৫ জানুয়ারি হইতে ২১ জানুয়ারি ২০১৩ তারিখ পর্যন্ত সকল আগ্নেয়াস্ত্র মালিকদের অস্ত্র বহন অথবা অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল।

(২) যাহারা এই আদেশ লংঘন করিবেন তাঁহাদের বিরুদ্ধে অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারা মতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা ঃ

(ক) আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত সকল আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য।

(খ) সরকারি-আধাসরকারি এবং বেসরকারি বিভিন্ন দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

**ব্যাখ্যা ঃ** এই আদেশে "আইন-শৃঙ্খলা বাহিনী" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৫২ তে সংজ্ঞায়িত বাহিনীকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, মফিজুল হক**
উপ-সচিব (রাজ-৪)।

## আইন শাখা-১

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৬ পৌষ ১৪১৯/৯ জানুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৪.১১-২৮**—আসামী মোঃ সাওবান মাসউদ এর কক্ষে রক্ষিত তার নিজস্ব ডেস্কটপ কম্পিউটারের জি-ড্রাইভে রক্ষিত বিভিন্ন ফোল্ডার এ পবিত্র কাবা শরীফের উপর প্রাণীর (শুকর) ছবি, মহানবী হযরত মোহাম্মদ (সাঃ) কে ব্যঙ্গ করার ছবি, পবিত্র কোরআন শরীফকে অবমাননা করা হয়, এরূপ কিছু ছবি সম্বলিত বিভিন্ন ফাইল পাওয়া যাওয়ায় চট্টগ্রাম জেলার চান্দগাঁও থানার জিডি নং ৯৮৫, তারিখ ১৮-১১-২০১২ মূলে গ্রেফতারকৃত আসামীর নিজস্ব কম্পিউটারে প্রাপ্ত তথ্যাদি প্রকাশিত হইলে ইসলাম ধর্মাবলম্বীদের ধর্মীয় অনুভূতিতে আঘাত আনা এবং সরকারের ভাবমূর্তি ও আইন-শৃংখলার অবনতিসহ ধ্বংসাত্মক কার্যকলাপ ঘটাতে পারে যাহা ধৃত আসামী পরিকল্পনা করেছে মর্মে প্রাথমিকভাবে প্রতীয়মান হওয়ায় দণ্ডবিধি ২৯৫-ক ধারায় নিয়মিত মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধির ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

তারিখ, ২৭ পৌষ ১৪১৯/১০ জানুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০১.২০১২-৩০**—নওগাঁ জেলার মান্দা থানাধীন কুসুম্বা বাঘারপাড়া গ্রামের মোঃ আবুল হোসেন, পিতা মৃত জসিম উদ্দীন সরদার এর বসত বাড়ীর ইটের পাকা চৌচালা ঘরে মোঃ মকবুল হোসেনসহ ৩৪ জন ব্যক্তি গত ২৫-১২-২০১২ তারিখ সময় অনুমান ১২.৩০ ঘটিকায় চুপিসারে জমায়েত হয়ে চলমান যুদ্ধাপরাধীর বিচার প্রক্রিয়া বানচালসহ দেশের বিভিন্ন স্থানে ধ্বংসাত্মক নাশকতামূলক কর্মকাণ্ড পরিচালনার জন্য গভীর অপরাধ মূলক ষড়যন্ত্রে লিপ্ত হয়। আসামীগণের এহেন কার্যক্রম অপরাধমূলক ষড়যন্ত্রের সামিল বিধায় উল্লিখিত ব্যক্তিদের বিরুদ্ধে দণ্ডবিধির ১২০-বি ধারায় মামলা রুজু করার লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, মান্দা থানা, নওগাঁ'কে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬-ক ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
সিনিয়র সহকারী সচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পৌর-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১০ জানুয়ারি ২০১৩

**নং ৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-৬২**—পাবনা জেলাধীন ঈশ্বরদী পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোশারফ হোসেন ৭-১২-২০১২ তারিখ এবং ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন নবীনগর পৌরসভার ৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ শহিদ মিয়া ২০-১১-২০১২ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৩(১(চ) উপ-ধারামতে গেজেটে প্রকাশের মাধ্যমে সরকার উল্লিখিত তারিখ হইতে ঈশ্বরদী পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর এবং নবীনগর পৌরসভার ৩নং ওয়ার্ড কাউন্সিলর পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

## পানি সরবরাহ-৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৮ ডিসেম্বর ২০১২

**নং ৪৬.০৮৪.০১৮.০৩.০০.০০৫.২০১১-৪০২**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (৬নং আইন) এর ৬(১)(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) প্রতিনিধি সিনিয়র সাংবাদিক, দৈনিক যুগান্তর খুলনা ব্যুরো প্রধান ও খুলনা সাংবাদিক ইউনিয়নের সভাপতি জনাব মকবুল হোসেন মিন্টু-কে নিয়োগের তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য খুলনা ওয়াসা বোর্ডের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দা সালমা জাফরীন**
উপ-সচিব (পাস-৩)।

---

## উপজেলা-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৩ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১৫৯.২০১২-১১৩**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত ১৩ সেপ্টেম্বর, ২০১২ তারিখের ৪৬.০৪৬.০২৭.১৯.০৪.০০৪.২০১১-৪৩৪ নম্বর প্রজ্ঞাপন এবং একই তারিখের ৪৬.০৪৬.০২৭.১৯.০৪.০০৪.২০১১-৪৩৫ নং স্মারকটি এতদ্বারা স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলী আকবর**
সিনিয়র সহকারী সচিব।

---

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## বিধি-৪ শাখা

### বিজ্ঞপ্তি

তারিখ, ১৫ বৈশাখ ১৪২০/২৮ এপ্রিল ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-১০৮**—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ০৮ মে, ২০১৩ খ্রিঃ তারিখ বুধবার বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলার তালোড়া পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোট গ্রহণ উপলক্ষে নির্বাচন সংশ্লিষ্ট পৌরসভা এলাকাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে ভোটের দিন ০৮ মে, ২০১৩ খ্রিস্টাব্দ/২৫ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ তারিখ বুধবার বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলার তালোড়া পৌরসভার এলাকায় সাধারণ ছুটি (বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলার তালোড়া পৌরসভার এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।